নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক-আপডেট/২০২৫/২৩৪৪ ৩০ নভেম্বর ২০২৫

## নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের মাসিক হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার ওয়ার্কশপ, সেমিনার, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকবৃন্দের অংশগ্রহণে 'বিল্ডিং এ রেসপনসিবল এআই ফিউচার থ্রু ইথিক্যাল ইনফরমেশন প্যাকটিসেস' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। রোববার (০২ নভেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) স্বেচ্ছাসেবী সংগঠন ড্রিম লাইট অব হেল্প সেন্টার (ডিএলএইচসি) এর উদ্যোগে 'ডিএলএইচসি স্কুল বেজড কুইজ প্রতিযোগিতা'র পুরস্কার বিতরণী ও সংগঠনের ৭ বছর পূর্তি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সোমবার (০৩ নভেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'মেঘনা অববাহিকার নিম্নাঞ্চলের ফসলের উৎপাদন ও বৃদ্ধির উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব; প্রেক্ষিত ভবিষ্যত খাদ্য নিরাপত্তা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (০৪ নভেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ডিজিটাল অ্যাটেনডেন্স সিস্টেমের উদ্বোধন করা হয়েছে। বুধবার (১২ নভেম্বর ২০২৫) সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল প্রশাসনিক ভবনে স্থাপিত অত্যাধুনিক এ অ্যাটেনডেন্স সিস্টেমের উদ্বোধন করেন।



৫. টাইমস হায়ার এডুকেশনের ইন্টারডিসিপ্লিনারি সায়েন্স র‍্যাঙ্কিংয়ে অবস্থানের গৌরব অর্জন করেছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি)। বৃহস্পতিবার (২০ নভেম্বর ২০২৫) যুক্তরাজ্যভিত্তিক উচ্চশিক্ষা বিষয়ক সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) তাদের অফিসিয়াল ওয়েবসাইটে এই র‍্যাঙ্কিং প্রকাশ করে। এতে বৈশ্বিক পর্যায়ে ৫০১ থেকে ৬০০ এর মধ্যে এবং বাংলাদেশে ৭ম অবস্থান অর্জন করে নোবিপ্রবি।



৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের কারাবুক বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষর এবং সামাজিক সংগঠন মোরাল প্যারেন্টিং ফ্যামিলি'র আয়োজনে 'মোরাল প্যারেন্টস ডে' উদযাপন ও ইনডিজেনিয়াস স্টুডেন্ট এসোসিয়েশনের উদ্যোগে 'ফ্রেশার্স রিসেপশন এন্ড ফেয়ারওয়েল-২০২৫' অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (২১ নভেম্বর ২০২৫) পৃথক এ অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এদিন উপাচার্যের কার্যালয়ে ইরাসমাস প্লাস মোবিলিটি প্রোগ্রামের আওতায় চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে কারাবুক বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেক্টর অধ্যাপক ড. ফাতিহ কিরিসিক।





৭. নৈতিকতা সম্পন্ন জাতি গঠন করতে হলে এ প্রজন্মের শিক্ষার্থীদের নৈতিক ভিত্তি মজবুত করতে হবে। আর এ প্রক্রিয়া শুরু করতে হবে শিক্ষাজীবন থেকেই। ছোটবেলা থেকেই শিক্ষার্থীদের মাঝে এ বীজ বপন করার আহ্বান জানিয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। নোয়াখালীর মোশারেফ গ্রামার স্কুলের ২০ বছর পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি শিক্ষক ও অভিভাবকদের প্রতি এ আহ্বান জানান। শনিবার (২২ নভেম্বর ২০২৫) স্কুল ক্যাম্পাসে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।




৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে সমঝোতা স্মারক অনুমোদনের লক্ষ্যে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) এর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার (২৩ নভেম্বর ২০২৫) বাংলাদেশ সচিবালয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব আবু তাহের মুহাম্মদ জাবের।



৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'যান্ত্রিকীকরণের মাধ্যমে নিবিড় মাছ উৎপাদনের একটি উন্নত মডেল প্রণয়ন' শীর্ষক প্রকল্প পরিদর্শন করেছেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। মঙ্গলবার (২৫ নভেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স (ফিমস্) বিভাগের অধ্যাপক ড. আবদুল্লাহ-আল মামুনের তত্ত্বাবধানে মাছ চাষের ক্ষেত্রে এরেটরের ব্যবহার নির্ভর এ প্রকল্প পরিচালিত হচ্ছে।



১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষক-কর্মকর্তাদের অংশগ্রহণে রিসার্চ প্রপোজাল রাইটিং বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৫ নভেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে 'নেভিগেটিং দ্যা ফান্ডার্স ল্যান্ডস্কেপ্স: দ্যা আর্ট অব রাইটিং এ কমপেলিং রিসার্চ প্রপোজাল' শীর্ষক এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম) এর উদ্যোগে মানবপাচার প্রতিরোধ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৬ নভেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে আইন বিভাগের সহযোগিতায় 'এডুকেটিং ফর জাস্টিস: এমপাওয়ারিং ল' গ্রাজুয়েট টু ফাইট হিউম্যান ট্র্যাফিকিং' শীর্ষক এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১২. সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার আশু রোগমুক্তি কামনায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৭ নভেম্বর ২০২৫) বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে নোবিপ্রবি পেশাজীবী ফোরাম আয়োজিত এ দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের রিসেপ তাইয়েপ এরদোয়ান বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। বৃহস্পতিবার (২৭ নভেম্বর ২০২৫) উপাচার্যের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে রিসেপ তাইয়েপ এরদোয়ান বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন রেক্টর অধ্যাপক ড. ইউসুফ ইলমাজ।




১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে বিশ্ববিদ্যালয়ের গবেষণা, বৈশ্বিক র‍্যাঙ্কিং এবং সরকারি নীতিনির্ধারকদের করণীয় শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৭ নভেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে 'ইম্প্যাক্টফুল রিসার্চ, গ্লোবাল র‍্যাঙ্কিং ফর ইউনিভার্সিটি এন্ড গভর্নমেন্ট পলিসি সাপোর্ট' শীর্ষক এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সচিব ড. মোহাম্মদ আবু ইউসুফ। প্রশিক্ষণে প্রধান পৃষ্ঠপোষক ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪